গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

"শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা"

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত নভেম্বর, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	নাছিমা বেগম এনডিসি, সচিব
তারিখ ও সময়ঃ	:	১৩ নভেম্বর, ২০১৭, বেলা ১১:৩০ ঘটিকা।
স্থানঃ	:	সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা	:	পরিশিষ্ট-'ক'।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে অক্টোবর, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

৩। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১০/০৭/২০১৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা এবং ০১/১১/২০১৫ তারিখে তাঁর 'কোন শিশু রাস্তায় ঘুমাবেনা' মর্মে ঘোষণার বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর ৭টি নির্দেশনা সম্পূর্ণরূপ বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট ৩টি নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

ক্রমিক	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	• শিশুদের উন্নয়নের জন্য ঢাকা শহরের ভাসমান পথশিশুদের জরিপ করে একটি তালিকা প্রস্তুত করতে হবে। • 'কোন শিশু রাস্তায় ঘুমাবে না' মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা।	পথশিশু জরিপের রিপোর্ট এখনো প্রণীত হয়নি মর্মে সভায় আলোচনায় জানা যায়। সঠিক সংখ্যা নিশ্চিতকরণের জন্য এ রিপোর্ট প্রণয়ন জরুরিভাবে সম্পাদন করতে হবে। এছাড়া সভায় "পথশিশু ও ঝুঁকিতে থাকা শিশুদের পুনর্বাসন" শীর্ষক নতুন প্রকল্পের জনবল ও পদ সংখ্যা সংশোধন করা হয়েছে। পথশিশুদের জরিপ সম্পাদন ও প্রকল্প প্রণয়নের কাজ ত্বরান্বিতকরণের জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়।	"পথশিশু ও ঝুঁকিতে থাকা শিশুদের পুনর্বাসন" শীর্ষক নতুন প্রকল্পের ডিপিপি সংশোধনপূর্বক কার্যক্রম গ্রহণ করতে হবে।	• উপ-সচিব (সেল), মশিবিম। • প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প/ কার্যক্রম পরিচালক, পথশিশু পুনর্বাসন কার্যক্রম।
৩.২	মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প- ১) কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর), ২) মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর দপ্তরের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ ও জেলা পর্যায়ে ৫টি কম্পিউটার প্রশিক্ষণ ইউনিট স্থাপন প্রকল্প, ৩) ভিজিডি-ইউ পি প্রকল্পের বাদপড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের প্রস্তাব পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ।	সভাকে অবহিত করা হয় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প রাজস্বখাতে স্থানান্তরের পর বাদপড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণের আলোকে নির্ধারিত ছকে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রণয়ন করা হচ্ছে। সভাপতি বিষয়টি দীর্ঘায়িত না করে দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে মর্মে অভিমত ব্যক্ত করেন।	• জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণের আলোকে মহিলা বিষয়ক অধিদপ্তরকে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করতে হবে। • মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত তথ্যাদি দপ্তর/সংস্থা কর্তৃক অনুস্বাক্ষর করত: উপস্থাপন করতে হবে।	• অতিঃসচিব (উঃ ও পরিঃ), মশিবিম। • মহাপরিচালক, মবিঅ। • উপসচিব(উঃ-২), মশিবিম। • সহঃ সচিব (উঃ-১), মশিবিম।

ক্রমিক	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.৩	বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রের সম্প্রসারণ ও অন্যান্য ভৌত সুবিধাদি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	• ডে-কেয়ার সেন্টার সম্প্রসারণ বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর জানান যে, সচিবালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্রের সংস্কার কাজের জন্য গণপূর্ত অধিদপ্তরের নিকট প্রাক্কলিত ব্যয় চাওয়া হয়েছে। প্রাক্কলিত ব্যয় পাওয়ার পর অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ-বছরের বাজেট থেকে বরাদ্দ দেয়া হবে। • যুগ্মসচিব (মবিঅ) সভাকে অবহিত করেন যে, সচিবালয়ে নতুন শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপনের বিষয়ে গণপূর্ত বিভাগের প্রধান প্রকৌশলী জানিয়েছেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের পিছনে অবস্থিত টিনসেড ভবন ভেঙ্গে বহুতল ভবন করা হবে। উক্ত বহুতল ভবনের একটি ফ্ল্যাট শিশু দিবাযত্ন কেন্দ্রের জন্য বরাদ্দ দেয়া হবে।	• সচিবালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্রের সংস্কার কাজের জন্য গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রাক্কলিত ব্যয় সংগ্রহপূর্বক মবিঅ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। • সচিবালয়ের নতুন শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপনের বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	• মহাপরিচালক, মবিঅ। • যুগ্মসচিব(মবিঅ), মশিবিম। • সহঃ সচিব (মবিঅ-১), মশিবিম।

৪। সভায় মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে নিয়মিতভাবে স্থায়ী কমিটিতে তথ্য উপস্থাপন করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। নিম্নে মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখ করা হল:

ক্রমিক	মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১	<u>২১/৪/২০১৪ তারিখের বৈঠকঃ</u> মন্ত্রিসভা বৈঠকে বিগত <u>১৫/৮/১৯৭৫ হতে ৯/৪/১৯৭৯</u> পর্যন্ত এবং <u>২৪/৩/১৯৮২ হতে ১১/১১/১৯৮৬</u> পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করে যে সব অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হবে সেগুলো স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করে যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা বৈঠকে	(১) সভাকে অবহিত করা হয় যে, "বাংলাদেশ শিশু একাডেমি আইন, ২০১৭" রুপান্তর করে হালানাগাদ করা হয়েছে। আইন প্রণয়নের সকল ধাপ সম্পন্ন করে মন্ত্রিসভা-বৈঠকের জন্য সার-সংক্ষেপ অনুমোদন করা হয়েছে। তবে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে আইনটির সার্বিক বিষয় পরীক্ষার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব(আইন) কে সভাপতি করে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটিতে প্রেরণ করা হয়েছে। আন্তঃমন্ত্রণালয় কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সিদ্ধান্ত মোতাবেক আরও একটি সভা আয়োজনের	(১) বিষয়টি অনুসরণ করতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা নিতে হবে।	• অতিঃ সচিব (শিশু), মশিবিম। • উপ-সচিব(শিশু), মশিবিম। • সিঃ সহঃ সচিব (শিশু), মশিবিম।

ক্রমিক	মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	উপস্থাপনের নির্দেশ দেয়া হয়।	ব্যবস্থা নেয়া হচ্ছে। (২) যৌতুক নিরোধ আইন, ২০১৭ এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং শেষে গত ১৩/১১/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে ফেরত এসেছে। চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা নেয়া হচ্ছে।	(২) আইনটি চূড়ান্ত অনুমোদনের জন্য দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	• উপ-সচিব (সেল), মশিবিম। • সিঃ সহঃ সচিব (সেল), মশিবিম।
৪.২	**<u>১৬/২/২০১৫ তারিখের বৈঠকঃ</u>** (ক) সকল মন্ত্রণালয়/বিভাগকে ই-টেন্ডারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া হয়।	(ক) সভায় বলা হয় মন্ত্রণালয়ে চলতি অর্থ-বছরে ২টি ই-টেন্ডার করা হয়েছে এবং পর্যায়ক্রমে আরো করা হবে। মন্ত্রণালয়ের যাবতীয় ক্রয় ই-টেন্ডারের মাধ্যমে সম্পাদনের সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম শুরু হয়েছে। (খ) প্রকল্প পরিচালক, উপ প্রকল্প পরিচালক, কর্মসূচী পরিচালকগণের জন্য ১৯-২০ নভেম্বর, ২০১৭ তারিখে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। ই-টেন্ডারিং-এর ক্ষেত্রে সভায় গৃহীত ২টি সিদ্ধান্ত বাস্তবায়নের পর্যায়ে আছে।	(ক) মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/ প্রকল্প/কর্মসূচি সকল ক্ষেত্রে পন্য/সেবা ই-জিপিতে ক্রয় করতে হবে। (খ) মন্ত্রণালয়ের প্রকল্প/ কর্মসূচি সম্পৃক্ত কর্মকর্তাগণের ই-টেন্ডারিং বিষয়ে প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে।	• অতিঃ-সচিব (প্রশাসন/ উ: ও পরিঃ), মশিবিম। • উপ-প্রধান(পরি:) মশিবিম। • সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম • উপ-সচিব (প্রশিক্ষণ), মশিবিম

৫। <u>মন্ত্রণালয়ের বিবিধ বিষয়াবলিঃ</u>

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.১	ডিজিটাল নথি ব্যবস্থাপনা	সভায় বলা হয় যে, মন্ত্রণালয়ে দায়িত্বপ্রাপ্ত ই-ফাইলিং-বিষয়ে মাষ্টার ট্রেইনার নিজ নিজ দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রম তদারকি শুরু করেছেন। সভা প্রধান এই কর্মকর্তাগণকে অধিক তৎপর হওয়ার পরামর্শ দিয়ে বলেন যে, মন্ত্রণালয়/ দপ্তর/সংস্থা/একাডেমি অন-লাইনে দাপ্তরিক বিষয়াদি নিষ্পন্ন করতঃ অন-লাইনে পত্র জারি করবে এবং মন্ত্রণালয়ে প্রেরিত পত্র অন-লাইনে জারি করতে হবে।	• দপ্তর/ সংস্থা/ একাডেমি থেকে মন্ত্রণালয়ে প্রেরিত পত্র অন-লাইনে জারি করতে হবে। • মন্ত্রণালয়ের শাখা থেকে অন-লাইনে বিষয় নিস্পন্নকরণের পর অন-লাইনে তা জারি করতে হবে।	• অতি: সচিব (সকল), মশিবিম। • মহাপরিচালক, মবিঅ। • নির্বাহী পরিচালক, জামস। • যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। • পরিচালক, বাশিএ • প্রোগ্রামার, মশিবিম।
৫.২	মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহের কাজের (দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী) কর্মপরিকল্পনা প্রণয়ন	সভায় আলোচনা হয় যে, সিদ্ধান্ত মোতাবেক কর্মপরিকল্পনাগুলি অনুবিভাগ ভিত্তিক পাওয়া যায় নি। সভাপতি অনুবিভাগ ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং সকল কর্মপরিকল্পনা সমন্বিত করে	• অনুবিভাগভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সমন্বয় ও শিশু অনুবিভাগে জমা	• অনুবিভাগ প্রধান(সকল)। • অতি: সচিব (শিশু ও সমন্বয়), মশিবিম।

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		নথিতে উপস্থাপন ও পরবর্তীতে বুকলেট আকারে প্রকাশের নির্দেশনা দেন।	দিতে হবে। • মন্ত্রণালয়ের সমন্বিত কর্মপরিকল্পনা বুকলেট আকারে প্রকাশ করতে হবে।	
৫.৩	জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি	সভাপতি শারিরীক ও মানসিক বিকাশ সাধনে ত্রিশোর্ধ মহিলাদের খেলা-ধুলার সুযোগ সৃষ্টির জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগযোগ করে ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন। প্রতি জেলায় মহিলাদের জন্য জিম খোলার বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে নির্বাহী পরিচালক জাতীয় মহিলা সংস্থা সভাকে অবহিত করেন।	• অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগযোগ করে বিষয়টি নিস্পন্ন করবেন। • প্রতি জেলায় মহিলাদের জন্য জিম খোলার বিষয়টি যাচাই করে কার্যক্রম গ্রহণ করতে হবে।	• অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মশিবিম। • নির্বাহী পরিচালক, জামস। • উপ-সচিব (সেল) মশিবিম।
৫.৪	জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা	জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদকরণ বিষয়ে অতিঃসচিব(উন্ন: ও পরি:) সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে। একটি কর্মশালা করা হবে এবং মতামতের জন্য কর্মপরিকল্পনাটি সকলের মাঝে বিতরণ করা হবে।	দ্রুত জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদপূর্বক চূড়ান্ত করতে হবে।	• অতিঃসচিব (উন্ন: ও পরিঃ), মশিবিম। • সিঃ সহঃ প্রধান (প্লাউ), মশিবিম।
৫.৫	নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা	সভায় বলা হয় যে, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে কর্মশালা আয়োজনের বিষয়টি বার বার আলোচনা হলেও কর্মশালাটির আয়োজন করতে কালক্ষেপণ হচ্ছে। সভাপতি দ্রুত এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	দ্রুত কর্মশালা আয়োজন করতে হবে।	• উপ-সচিব (সেল), মশিবিম। • প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প।
৫.৬	শিশু নীতি-২০১৩ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা	সভাপতি সভায় শিশু নীতি-২০১৩ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন।	শিশু নীতি-২০১৩ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	• অতিঃ সচিব (শিশু ও সমন্বয়), মশিবিম • পরিচালক, বাশিএ। • সিঃসহঃ সচিব (শিশু), মশিবিম।
৬.৭	ইনোভেশন	গত ২৪/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির সভায় ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দের প্রাক্কলন তৈরিপূর্বক উপস্থাপনের সিদ্ধান্ত হয়।	• ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বাজেট বরাদ্দের জন্য প্রাক্কলন তৈরিপূর্বক উপস্থাপন করতে হবে।	• অতিঃসচিব (উন্নয়ন ও পরিঃ), মশিবিম। • সিঃ সহঃ প্রধান (পরি-১), মশিবিম।
৫.৮	মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)	সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)'র কার্যক্রম বিষয়ে এখনো সকলে যথাযথভাবে অবহিত হচ্ছে না। এক্ষেত্রে বার্ষিক	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)' চুক্তি বাস্তবায়নে সকলকে সচেষ্ট হতে হবে।	• অতিঃসচিব (প্রশাসন) মশিবিম। • উপসচিব(মবিঅ-২), মশিবিম।

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষমাত্রা অর্জনে সকলকে তৎপর থাকতে হবে এবং সম্পৃক্ত শাখাকে বিষয়টি যথাযথভাবে মনিটর করতে হবে।		• সি: সহ: প্রধান(প্লাউ) মশিবিম। • সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম।
৫.৯	GRS জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গাজীপুর জনাব জাকির হোসেন এর বিরুদ্ধে সুধী জনকল্যাণ মহিলা সমিতি কর্তৃক আনীত অশোভন আচরন ও দুর্নীতির অভিযোগ।	সভায় বলা হয় যে, অভিযোগটি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর কর্তৃক তদন্ত করানো হয়। অভিযোগ প্রমানিত না হওয়ায় জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গাজীপুর জনাব জাকির হোসেনকে অব্যাহতি দেয়া হয়েছে।	প্রাপ্ত অভিযোগসমূহের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অন-লাইনে অভিযোগকারীদেরকে অবহিত করার কার্যক্রম চালু রাখতে হবে।	• যুগ্মসচিব(মবিঅ), মশিবিম। • প্রোগ্রামার, মশিবিম। • সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম।
৫.১০	অডিট	সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের অডিট আপত্তি দ্রুত নিস্পন্নকরণের জন্য সচিবের পক্ষে অতিঃসচিব (প্রশাসন)-কে ক্ষমতার্পণ করে Delegation of Power সংশোধন করা হয়েছে।	অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তি করতে হবে।	• উপসচিব(বাজেট ও অডিট), মশিবিম। • সহঃ সচিব (অডিট), মশিবিম।
৫.১১	প্রতি জেলার কার্যক্রম পরিদর্শন	জেলার কার্যক্রম পরিদর্শনের উপর গুরুত্ব আরোপ করা হয়। জাতীয় মহিলা সংস্থা ও ভিজিডি কর্মসূচির অন-লাইন আইডি খোলা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।অতিরিক্ত সচিবদের প্রধান করে গঠিত কমিটি কর্তৃক মাঠ পর্যায়ের সকল কার্যক্রম অন-লাইনে মনিটর/ভিজিট করার ব্যবস্থা নিতে হবে।	• মাঠ পর্যায়ের কার্যক্রম অনুবিভাগ ভিত্তিক অন-লাইনে মনিটর/ভিজিট করতে হবে।	• অতিঃসচিব (প্রশাসন), মশিবিম। • উপসচিব(উন্নঃ-২), মশিবিম। • প্রোগ্রামার, মশিবিম।
৫.১২	শিশু বিকাশ কেন্দ্র, আজিমপুর	পরিচালক, বাশিএ সভায় বলেন যে, শিশু বিকাশ কেন্দ্রের জন্য বাড়ী ক্রয়ের ব্যবস্থা নেয়া হচ্ছে। সভাপতি পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমিকে বিষয়টি দ্রুত নিস্পত্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেন।	শিশু বিকাশ কেন্দ্র স্থাপনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	• অতিঃ সচিব(শিশু ও সমন্বয়), মশিবিম। • পরিচালক, বাশিএ।
৫.১৩	জয়িতা ফাউন্ডেশনের উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদান	উদ্যোক্তাদের প্রশিক্ষণের ভেন্যু হিসেবে ব্যবহারের জন্য জিরানীতে অবস্থিত শহীদ শেখ ফজিলাতুন নেসা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমির পরিত্যক্ত পোলট্রি শেড সংস্কারের কার্যক্রম চলছে। সংস্কার কাজ সমাপ্তির পর প্রশিক্ষণ শুরু করা হবে।	নারী উদ্যোক্তাদের দ্রুত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা নিতে হবে।	• মহাপরিচালক, মবিঅ। • ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন।
৫.১৪	মন্ত্রণালয়ে গাড়ীর সংখ্যা বৃদ্ধি	সভায় সহঃ সচিব(প্রশাসন-২) বলেন, অর্থ বিভাগের চাহিত তথ্যাদি প্রেরণের লক্ষ্যে নথি উপস্থাপন করা হয়েছে।	অর্থ বিভাগের যাচিত তথ্য দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে।	• অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম। • মহাপরিচালক, মবিঅ। • যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
				• সহকারী সচিব (প্রশাঃ-২), মশিবিম।
৫.১৫	মন্ত্রণালয়ের স্থান সংকট	সভায় যুগ্মসচিব (প্রশাসন) বলেন, মন্ত্রণালয়ের স্থান সংকটের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সভাপতি অতিরিক্ত সচিব(উন্নয়ন ও পরি:) এবং যুগ্মসচিব (প্রশাসন)-কে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে বিষয়টি সমাধানের নির্দেশনা দেন।	মন্ত্রণালয়ের স্থান সংকটের বিষয়টি অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিঃ) এবং যুগ্মসচিব (প্রশাসন) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে এসংকট সমাধান করবেন।	• অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম। • অতিরিক্ত সচিব (উন্ন: ও পরি:), মশিবিম। • যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।
৫.১৬	NSSS	সভাপতি বলেন, দেশের সামাজিক সুরক্ষা কৌশলের বিষয়ে ইতোমধ্যে মাননীয় সংসদসদস্যগণ ওয়ার্কশপ করেছেন। এ কৌশল বাস্তবায়নে আমাদের মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা সম্পৃক্ত অংশে মাননীয় সংসদ সদস্যগণের অন্তর্ভুক্তির বিষয়গুলি নির্ধারণ করা যায়। এছাড়া আমাদের সামাজিক নিরাপত্তা অংশের NSSS'র সাথে বর্তমান অংশের কোন গ্যাপ থাকলে তা চিহ্নিত করতে হবে। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব(প্রশাসন)-কে আহবায়ক করে কমিটি গঠনপূর্বক এ বিষয়ে প্রতিবেদন দাখিল করতে হবে। কমিটিতে দুই অনুবিভাগ প্রধান, পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, উপসচিব(বাজেট), উপসচিব(শিশু) ও উপসচিব(উন্নয়ন-২) থাকতে পারে। এক্ষেত্রে উন্নয়ন-২ শাখা থেকে NSSS'র সার্বিক কাজ সরাসরি অতিরিক্ত সচিব(প্রশাসন)-এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সচিব নির্দেশনা দেন।	NSSS সংক্রান্ত বিষয়াদি বাস্তবায়নে অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে আহবায়ক করে কমিটি গঠন করতে হবে এবং কমিটির প্রতিবেদনর আলোকে পরবর্তী কার্যক্রম নিতে হবে।	• অতি: সচিব (প্রশাঃ), মশিবিম। • পরিচালক, মবিঅ। • উপসচিব(বাজেট), মশিবিম। • উপসচিব(শিশু), মশিবিম। • উপসচিব(উন্নয়ন-২), মশিবিম।
৫.১৭	বিবিধ	• জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৬০ ঘন্টা প্রশিক্ষণের অনুকরণে প্রশিক্ষণ ক্যালেন্ডার ২০১৭-১৮ প্রণয়ন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ ক্যালেন্ডারে NIS, RTI এবং GRS এর বিষয়গুলো অন্তর্ভূক্ত রয়েছে। আগামী ২৭/১১/১৭ ও ২৯/১১/১৭ তারিখে প্রশিক্ষণ প্রদানের বিষয়টি প্রক্রিয়াধিন রয়েছে। • সভায় অবহিত করা হয় যে, নাগরিকদের সেবা সহজীকরণের	• প্রশিক্ষণ ক্যালেন্ডার যথাযথভাবে অনুসরণ করতে হবে। • নাগরিকদের সেবা সহজীকরণের জন্য	• অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম • উপসচিব (প্রশিক্ষণ), মশিবিম। • যুগ্ম-সচিব (প্রশাসন), মশিবিম

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		জন্য ফরমসমূহ সহজ, তথ্যবহুল, সংক্ষিপ্ত ও হালনাগাদ করার কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি এ কাজে উপসচিব (সেল ও জামস)-কে সহযোগিতা করার জন্য সিঃ সহঃ সচিব (প্রশাঃ-১)-কে নির্দেশনা প্রদান করেন।	বিদ্যমান ফরমসমূহ সংক্ষিপ্ত ও সহজ করার কাজে সিঃ সহঃ সচিব (প্রশাসন-১) উপসচিব (সেল ও জামস)-কে সহযোগিতা করবেন।	• উপসচিব (সেল ও জামস), মশিবিম • পরিচালক, বাশিএ • সিঃ সহঃ সচিব (প্রশাঃ-১), মশিবিম।
		• SDG'র ক্ষেত্রে মন্ত্রণালয়ে ৬টি বিষয়কে অগ্রাধিকার প্রদান করা হয়েছে এবং ৬জন উপসচিবকে এসব বিষয়ে ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। এসব ফোকাল পয়েন্টগণ SDG বিষয়ে তাদের নির্ধারিত দায়িত্ব সম্পর্কে সভায় অবহিত করতে পারেন বলে সকলে মত প্রকাশ করে।	• প্রতিমাসের সমন্বয় সভায় SDG বাস্তবায়ন অগ্রগতি অবহিত করতে হবে।	• উপ-সচিব(সেল ও জামস), মশিবিম। • উপ-সচিব(বাজেট), মশিবিম • উপ-সচিব(প্রশিক্ষণ), মশিবিম। • উপ-সচিব(শিশু), মশিবিম • উপ-সচিব(উন্ন-২), মশিবিম।
		• ৭ই মার্চ, ১৯৭১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রদত্ত ঐতিহাসিক ভাষণ ইউনেস্কো কর্তৃক বিশ্ব প্রামান্য ঐতিহ্য হিসাবে স্বীকৃতি পাওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। পরিচালক, বাশিএ সভায় উক্ত ভাষণকে স্মরণীয় ও ভবিষ্যৎ প্রজন্মের অবগতির জন্য বাংলাদেশ শিশু একাডেমিতে ভাষণের তথ্য ফলক স্থাপনের প্রস্তাব করেন। এ প্রসঙ্গে অতিঃসচিব (শিশু ও সমন্বয) মন্ত্রণালয়ের স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্রসমূহেও এ তথ্য ফলক স্থাপন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। সভাপতি প্রস্তাবগুলিকে স্বাগত জানান এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন।	• বাংলাদেশ শিশু একাডেমি এবং মন্ত্রণালয়ের স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্রসমূহে বঙ্গবন্ধুর ৭ই মার্চ ঐতিহাসিক ভাষণ বিষয়ে তথ্য ফলক স্থাপনের ব্যবস্থা নিতে হবে।	• অতিঃ সচিব (প্রশাঃ), মশিবিম। • পরিচালক, বাশিএ।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং ৪/১২/২০১৭ খ্রিঃ
(নাছিমা বেগম, এনডিসি)
সচিব

নং-৩২.০০.০০০০.০৪২.০০৬.০১৩.১৭-৩৫৪ তারিখঃ ৬/১২/২০১৭ খ্রিঃ।

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।

৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাপা প্লাজা (৫ম তলা), ধানমন্ডি, ঢাকা।

৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।

৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

৬। প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম।

৬/১২/২০১৭

(কোহিনূর নাহার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৪১

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২। উপ-সচিব(বাঃ ও অঃ/শিশু/সেল/উন্নঃ-২/মবিঅ-২/শিপ্রায)/উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৩। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।

৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা/শিশু ও সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৭। যুগ্ম-সচিব (মবিঅ/উন্নয়ন/প্রশাসন/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।